

প্রকৌশল ডিপ্লোমা পরীক্ষায় বোর্ডের নিয়ম লঙ্ঘন

যুগান্তর রিপোর্ট

কারিগরি শিক্ষা বোর্ড ও অধিদফতরের নিয়মনীতি উপেক্ষা করে বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠানের প্রকৌশল ডিপ্লোমার ব্যবহারিক পরীক্ষা নেয়া হচ্ছে। ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটে গতকাল এ অঞ্চলের ৯টি প্রতিষ্ঠানের ১০টি রিজার্ভের ব্যবহারিক পরীক্ষা শুরু হয়েছে। অর্ধচ বিপুল সংখ্যক পরীক্ষার্থীর পরীক্ষা গ্রহণের পূর্বাগত যত্নপাতি এখানে নেই। চাহিদা অনুযায়ী এরটোর্নালও নিয়োগ করা হয়নি। কলেজের একাধিক শিক্ষককে এরটোর্নাল হিসেবে দেখানো হয়েছে। তিনদিনের মধ্যে পরীক্ষা গ্রহণের কথা থাকলেও ছয়দিনের তালিকা করা হয়েছে। ব্যবহারিক পরীক্ষার বদলে মৌখিক পরীক্ষা গ্রহণে তা গ্রহসনে পরিণত হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। অবশ্য কলেজ কর্তৃপক্ষ এবং কারিগরি শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মহরুল হক এ অভিযোগ অস্বীকার করে বলেন, নিয়ম-নীতি মেনেই সূচু পরিবেশে পরীক্ষা নেয়া হচ্ছে। কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ শামসুল ইসলাম কলেজের একাধিক শিক্ষককে এরটোর্নাল নিয়োগের কথা স্বীকার করে বলেন, বোর্ড কর্তৃপক্ষই তাদের নিয়োগ

দিয়েছেন। ঢাকা পলিটেকনিক বাস্তবত অন্য যে ৯টি প্রতিষ্ঠানের পরীক্ষা এখানে অনুষ্ঠিত হচ্ছে সেগুলো হচ্ছে ঢাকা ইনস্টিটিউট অব টেকনোলজি, আহসানউল্লাহ ইউনিভার্সিটি, ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, সেন্টার ফর কম্পিউটার, নারায়ণগঞ্জ টেকনোলজি ইনস্টিটিউট, আইডিয়াল ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি, বাংলাদেশ একাডেমী, একাডেমী ফর টেকনোলজি অ্যান্ড এডুকেশন ম্যানেজমেন্ট এবং এমআইএসসি গাজীপুর। মোট ১০টি বিভাগের কয়েক হাজার পরীক্ষার্থী এ পরীক্ষায় অংশ নিচ্ছে। শুধু কম্পিউটার সায়েন্স বিভাগের পরীক্ষার্থী ৪১২ জন। অর্ধচ কলেজে মাত্র তিনটি ল্যাব রয়েছে।